



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৬.৪৬.০০১.২৩-৪০৪

তারিখ: ১৬/০৩/২০২৬ খ্রি.

## জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন হতে বাদপড়া শিক্ষার্থীদের অনলাইন (eSIF পদ্ধতিতে) রেজিস্ট্রেশনের সময় বৃদ্ধি।

এতদ্বারা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন মাদ্রাসার অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় কোন কারণে বাদ পড়েছে, সে সকল শিক্ষার্থীর শিক্ষাকার্যক্রম অব্যাহত রাখার জন্য পরবর্তী শ্রেণিতে রেজিস্ট্রেশনের বিড়ম্বনা এড়াতে ভবিষ্যৎ ও মানবিক দিক বিবেচনা করে তাদের সংশ্লিষ্ট মাদ্রাসার মাধ্যমে অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য সোনালী পেমেণ্ট গেটওয়ের মাধ্যমে ফি পরিশোধ এবং eSIF পূরণের সময়সীমা বর্ধিত করা হলো।

ক্রমিক	বিবরণ	বর্ধিত সময়সীমা
০১।	অনলাইনে রেজিস্ট্রেশন ফি জমা (বিলম্বসহ) (ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র তথ্য আপলোডের জন্য নতুন এন্ট্রি অপশন পাওয়া যাবে)	২৪/০৩/২০২৬ হতে ১৯/০৪/২০২৬ পর্যন্ত
০২।	তথ্য (eSIF) এন্ট্রির সর্বশেষ তারিখ	২৩/০৪/২০২৬ পর্যন্ত

এখানে শুধু মাত্র বিলম্ব ফি দিয়ে নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে পারবে। পূর্বে এন্ট্রিকৃত শিক্ষার্থীর কোন তথ্য এডিট/ডিলেট করার সুযোগ থাকবে না।

**বিঃদ্রঃ** যে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করবে না তারা উপবৃত্তির আওতাভুক্ত হবে না।

\*\*\*শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান ও তথ্য এন্ট্রি সংক্রান্ত সমস্যার সমাধানের জন্য অফিস সময়ের মধ্যে প্রতিষ্ঠানের EIN ভিত্তিক সিম নম্বর দিয়ে ০১৭১৩-০৬৮৯০৯/০১৮২৪-৬০৬৬৫৪ যোগাযোগ করতে হবে।

অধ্যক্ষ/সুপার  
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল মাদ্রাসা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.৩.২৬

প্রফেসর হালাহ আহমাদ

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন: ০২-৯৬১২৮৫৮

অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণঃ

- ১। সিনিয়র পরামর্শক, কম্পিউটার কেন্দ্র (চুক্তিভিত্তিক), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
- ২। প্রোগ্রামার, আইসিটি সেল (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৩। পি.ও টু চেয়ারম্যান, (সদয় অবগতির জন্য) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
- ৪। পি.এ. টু পরীক্ষা নিয়ন্ত্রক, (সদয় অবগতির জন্য) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
- ৫। অফিস নথি।

১৬/০৩/২৬

১৬/৩/২৬

মো: জিয়াউর রহমান

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন: ০২-২২৩৩৬৫৪০৩

১৬/৩/২৬